Noakhali Science and Technology University
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ
Noakhali-3814, Bangladesh

Fax : 880-321-62788
Mobile : 01322-889020
E-Mail : iit@office.nstu.edu.bd
Web : www.iit.nstu.edu.bd
www.nstu.edu.bd

ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)
Institute of Information Technology (IIT)

স্মারক: নোবিপ্রবি/আইআইটি/MSSE/২০২৫/৪৭৫৩

তারিখ: ০৭ অক্টোবর ২০২৫

## Master of Science in Software Engineering (MSSE) প্রোগ্রামে ভর্তির সময় বর্ধিতকরণ প্রসঙ্গ

২০২৩-২৪ শিক্ষাবর্ষে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) তে Master of Science in Software Engineering (MSSE) প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

**ভর্তির যোগ্যতা:**

০১. প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট/জাতীয় বিশ্ববিদ্যালয় এবং প্রাইভেট হতে BSSE/CSE/CSTE/ICT/ICE/CCE বিষয়ে ০৪(চার) বছরের স্নাতক ডিগ্রী থাকতে হবে।

০২. প্রার্থীর স্নাতক পর্যায়ে কমপক্ষে সিজিপিএ ২.৫ থাকতে হবে।

**ভর্তির নিয়মাবলী:**

০১। ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ইনস্টিটিউটের অফিস থেকে ২০/১০/২০২৫ তারিখ এর মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। সাক্ষাতকারের তারিখ পরবর্তীতে জানানো হবে।

০২। **আবেদনের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে হবে:**

**ক) শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার গ্রেডশীট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।**

**খ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।**

**গ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।**

০৩। আবেদন ফরমের মূল্য ১০০০.০০ (এক হাজার) টাকা।

০৪। চাকরিরত প্রার্থীদের নিজ নিজ নিয়োগকারী প্রতিষ্ঠান হতে অধ্যায়নকালীন সময় ক্লাসে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য ছুটি প্রদান করা হবে মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।

০৫। ইনস্টিটিউটের ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু শিক্ষার্থীরা পূর্বে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত কি-না ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তি করা হবে।

০৬। প্রার্থীদের আবেদন বিবেচনা করে ভর্তি কমিটি ভর্তির জন্য সুপারিশ করবেন।

০৭। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে।

০৮। ভর্তি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ধন্যবাদান্তে

মোহাম্মদ নিজাম উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)
ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

**অনুলিপি:**

১. সকল ডিন।
২. রেজিস্ট্রার, নোবিপ্রবি।
৩. হিসাব পরিচালক, নোবিপ্রবি।
৪. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা দফতর, নোবিপ্রবি।(পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৫. পরিচালক, আইসিটি সেল, নোবিপ্রবি।(বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৬. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, উপাচার্য দফতর, নোবিপ্রবি।
৭. উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, উপ-উপাচার্য দফতর, নোবিপ্রবি।
৮. কোষাধ্যক্ষ মহোদয়ের একান্ত সচিব, কোষাধ্যক্ষ দফতর, নোবিপ্রবি।
৯. নথি।
১০. মহানথি।